# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৫৮

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৭. কোনো যোদ্ধাকে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করার ফযীলত

بَاب فِي فَضْلِ مَنْ جَهَّزَ غَازِيًا

## আরবী

أَخْبَرَنَا يَعْلَى حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ عَنْ عَطَاءٍ عَنْ زَيْدِ بْنِ خَالِدٍ الْجُهَنِيِّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ جَهَّزَ غَازِيًا فِي سَبِيلِ اللَّهِ أَوْ خَلَفَ فِي أَهْلِهِ كَتَبَ اللَّهُ لَهُ مِثْلَ أَجْرِهِ إِلَّا أَنَّهُ لَا يَنْقُصُ مِنْ أَجْرِ الْغَازِي شَيْئًا

## বাংলা

২৪৫৮. যাইদ ইবনু খালিদ জুহানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহর রাস্তায় কোন যোদ্ধাকে আসবাব পত্র সরবরাহ করে কিংবা, কোন যোদ্ধার জিহাদে গমনের পর তার পরিবার পরিজনের দেখা শোনা করে, তবে তার জন্যও যোদ্ধার সম পরিমাণ সাওয়াব লেখা হয়, কিন্তু যোদ্ধার সাওয়াব থেকে কিছুই কম করা হয় না।”[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, জিহাদ ২৮৪৩; মুসলিম, ইমারাহ ১৮৯৫।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪৬৩০, ৪৬৩১, ৪৬৩২, ৪৬৩৩ ও মুসনাদুল হুমাইদী নং ৮৩৭ ও মাওয়ারিদুয যামআন নং ১৬১৯ ও মাউসিলী, মু’জামুশ শুয়ূখ নং ৩১৫ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ যায়দ ইবনু খালিদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82741

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন